আরএসসি'র অধীনে আপনার অধিকার ও দায়িত্বসমূহ

- সেইফটি কমিটিসমূহ
- অনিরাপদ কাজ প্রত্যাখ্যান করার অধিকার অভিযোগ প্রক্রিয়া

RSC RMG SUSTAINABILITY COUNCIL

আরএমজি সাস্টেইনেবিলিটি কাউন্সিল (আরএসসি) কি?

আরএমজি সাস্টেইনেবিলিটি কাউন্সিল (আরএসসি) হচ্ছে বাংলাদেশের তৈরি পোশাক কারখানাগুলোতে কর্মক্ষেত্রের নিরাপত্তা বজায় রাখতে আন্তর্জাতিক ব্র্যান্ড, গার্মেন্টস নির্মাতা এবং ট্রেড ইউনিয়নগুলোর সম্মিলিত উদ্যোগ।

বাংলাদেশে অগ্নি ও ভবন নিরাপত্তায় একর্ড-এর কার্যক্রম চালিয়ে যেতে ১ জুন ২০২০ তারিখে আরএসসি গঠন করা হয়। আরএসসি কারখানা পরিদর্শন, সংস্কার কাজ পর্যবেক্ষণ, নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ এবং তৈরি পোশাক শিল্পের শ্রমিকদের জন্য একটি স্বাধীন নিরাপত্তা ও স্বাস্থ্য বিষয়ক অভিযোগের প্রক্রিয়া অব্যাহত রাখবে।

কোম্পানিটির লক্ষ্য হচ্ছে কর্মক্ষেত্রে বিশ্বমানের টেকসই নিরাপত্তা বিষয়ক কার্যক্রম প্রদান করা, যা কিনা এর অভিনব নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচীর সাহায্যে টেকসই ব্যবসা অব্যাহত রাখবে এবং সাপ্লাই চেইন বিকাশের মাধ্যমে তৈরি পোশাক শিল্পকে আরো নিরাপদ ও উত্তম কর্মক্ষেত্র হিসেবে গড়ে তুলবে।

এই বুকলেটে আরএসসি অনুযায়ী আপনার ৪ টি গুরুত্বপূর্ণ অধিকার সম্বন্ধে বলা হয়েছে:

- আপনার কারখানার সেইফটি কমিটির কার্যক্রমে অংশগ্রহণ করার অধিকার।
- অনিরাপদ কাজ প্রত্যাখ্যান করার অধিকার।
- কর্মস্থলে নিরাপত্তা সংক্রান্ত সমস্যা লক্ষ্য করলে সেই বিষয়ে অভিযোগ পেশ করার অধিকার।
- নিরাপত্তা বিষয়ক সমস্যা রিপোর্ট করার কারণে প্রতিহিংসামূলক আচরণ থেকে সুরক্ষা।

আপনার অধিকারসমূহ চর্চার মাধ্যমে নিশ্চিত করা সম্ভব যে, আপনার কর্মস্থলের নিরাপত্তা ও স্বাস্থ্য বিষয়ক সমস্যাগুলো গুরুত্বসহকারে বিবেচনা করা হবে।

সেইফটি কমিটির কার্যক্রমে অংশগ্রহণ করার অধিকার

আপনার কারখানায় একটি নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করার জন্যই সেইফটি কমিটি রয়েছে। সম সংখ্যক শ্রমিক এবং ম্যানেজার সেইফটি কমিটির অংশ।

সেইফটি কমিটি:

১. কারখানার নিরাপত্তা মূল্যায়ন করে।

২. কারখানার নিরাপত্তা ও স্বাস্থ্য বিষয়ক ঝুঁকি সংশোধন করে।

৩. দূর্ঘটনা প্রতিরোধ করে।

আপনি ৪ টি উপায়ে সেইফটি কমিটি কার্যক্রমের উন্নতিতে সহায়তা করতে পারেন:

১. নিরাপত্তা বিষয়ক কোন সমস্যা রিপোর্ট করা।

২. সেইফটি কমিটির সদস্য হওয়া।

৩. সেইফটি কমিটির প্রশিক্ষণ এবং প্রেজেন্টেশনে অংশগ্রহণ করা।

৪. সেইফটি কমিটির প্রশিক্ষণ/ কর্মসূচীর বিষয়ে পরামর্শ দেওয়া।

অনিরাপদ কাজ প্রত্যাখ্যান করার অধিকার

আপনার কাজটি অনিরাপদ তার ৩ টি লক্ষণ:

১. যে সরঞ্জাম অথবা মেশিন দিয়ে আপনি কাজ করছেন তা আপনার জন্য বিপজ্জনক হতে পারে,

২. আপনার কর্মস্থলের বাস্তবিক অবস্থা আপনার জন্য বিপজ্জনক হতে পারে,

৩. কর্মক্ষেত্রে সহিংসতা আপনার জন্য বিপজ্জনক হতে পারে।

আপনি যদি কোন কাজকে অনিরাপদ মনে করেন তবে আপনার কারখানার সেইফটি কমিটি অথবা কারখানা কর্তৃপক্ষকে রিপোর্ট করা উচিৎ।

রিপোর্ট করার সময়, একজন ইউনিয়ন প্রতিনিধি অথবা কর্মস্থল থেকে একজন প্রতিনিধিকে সাথে থাকার জন্য বলতে পারেন।

কর্মস্থলে নিরাপত্তা সংক্রান্ত সমস্যা লক্ষ্য করলে সেই বিষয়ে অভিযোগ পেশ করার অধিকার

আপনি যদি তারপরও সাহায্য না পান, তবে আপনার উদ্বেগের বিষয়ে আরএসসিতে রিপোর্ট করতে পারেন।

সবচেয়ে সহজ উপায় হলো আরএসসি অফিসে ফোন করে একজন আরএসসি কমপ্লেইন্ট মেকানিজম হ্যান্ডলারের সাথে কথা বলা।



নিরাপত্তা বিষয়ক অভিযোগ করতে যোগাযোগ করুন:

+৮৮০ ১৭৬ ৯৯৬ ৯০০০

আরএসসি'র কমপ্লেইন্ট হ্যান্ডলার আপনাকে অনিরাপদ কাজটির বর্ণনা দিতে বলবেন।

আপনি এককভাবে অথবা দলগতভাবে অভিযোগ পেশ করতে পারেন।

আপনি চাইলে পরিচয় গোপন রাখতে পারেন।

এরপর যা ঘটবে তা হলো।
আরএসসি অভিযোগটির তদন্ত শুরু করবে।

এর মধ্যে থাকতে পারে:

- সরেজমিনে কারখানা পরিদর্শন,
- আরএসসি ইঞ্জিনিয়ার দ্বারা যাচাই,
- শ্রমিক এবং ম্যানেজারদের সাক্ষাৎকার।

আরএসসি'র তদন্তে **যদি নিরাপত্তা অথবা স্বাস্থ্য বিষয়ক সমস্যাটি চিহ্নিত হয়**, তবে আরএসসি তদন্তে প্রাপ্ত ফলাফল, এবং সমাধানের লক্ষ্যে গ্রহনীয় পদক্ষেপগুলোর আলোকে একটি প্রতিবেদন তৈরী করবে।

নিরাপত্তা বিষয়ক সমস্যা রিপোর্ট করার কারণে প্রতিহিংসামূলক আচরণ থেকে সুরক্ষা

আরএসসি যদি নির্ধারণ করে যে, নিরাপত্তা অথবা স্বাস্থ্য বিষয়ক সমস্যাটি যথার্থ, তাহলে **কারখানা কর্তৃপক্ষ দায়বদ্ধ থাকবে**:

- প্রাপ্ত নিরাপত্তা এবং স্বাস্থ্য বিষয়ক সমস্যার সমাধান করতে।

- আপনার নিরাপত্তা ও স্বাস্থ্য বিষয়ক সমস্যার বিষয়ে অভিযোগ করা অথবা অনিরাপদ কাজ প্রত্যাখ্যান করার অধিকারগুলোকে রক্ষা করতে, এবং আপনার সাথে বৈষম্যমূলক আচরণ অথবা বেতন কাটা ছাড়াই এসব অধিকারগুলোকে সংরক্ষণ করতে।

প্রাপ্ত নিরাপত্তা ও স্বাস্থ্য বিষয়ক সমস্যা সংশোধনকালীন সময়ে আপনার বেতন কাটা হবে না।

আপনার অধিকার রক্ষিত না হলে, আরএসসি অফিসে যোগাযোগ করুন।

আরএসসি'র পদ্ধতির অপব্যবহার করবেন না।

আরএসসি'র অধীনে, পোশাক কোম্পানি এবং কারখানা মালিকদের কারখানাগুলোর নিরাপত্তা নিশ্চিত করতে হয়।

অধিকার চর্চার ক্ষেত্রে শ্রমিক এবং ইউনিয়নদের সততা বজায় রাখতে হবে এবং প্রাপ্ত নিরাপত্তা বিষয়ক সমস্যাগুলো সমাধানে একত্রে কাজ করতে হবে।

RSC RMG SUSTAINABILITY COUNCIL

কর্মক্ষেত্রে বিশ্বমানের টেকসই নিরাপত্তা বিষয়ক কার্যক্রমসমূহ প্রদান, যা লক্ষ মানুষের জন্য আনন্দ বয়ে আনে।

নিরাপত্তা বিষয়ক অভিযোগের জন্য:

+৮৮০ ১৭৬ ৯৯৬ ৯০০০

সাধারণ জিজ্ঞাসার জন্য:

+৮৮ ০১৭৬ ৬৬৯৫৯০০
+৮৮ ০২ ৪১০৮১৮৬৩-৬

আরএমজি সাস্টেইনেবিলিটি কাউন্সিল (আরএসসি)

১৩ তলা, এজে হাইটস ভবন, চ ৭২/১/ডি, প্রগতি সরণী,
উত্তর বাড্ডা, ঢাকা-১২১২, বাংলাদেশ

contact@rsc-bd.org
www.rsc-bd.org

RSC
RMG
SUSTAINABILITY
COUNCIL